

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)  
মডস জোন-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৫.০৭.০৮৩.২৩ নথির বিষয়: Supply of chemical and related services for killing mosquito.

নোট: ১ নোটের বিষয়: Supply of chemical & related services for killing mosquito কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

**অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৬/৭/২৩ ৭:৫৩ পূর্বাহ্ন**

সংযুক্ত ক্র: নং ০১ হতে ০৩ দয়া করে দেখা যেতে পারে। মডস জোন-২ এর আওতাধীন চাঁদনীঘাট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের মাধ্যমে বুড়িগঙ্গা নদী হতে পানি এনে পরিশোধিত পানি প্রতিদিন পুরাতন ঢাকায় সরবরাহ করা হচ্ছে। উক্ত শোধনাগারে বিভিন্ন স্থাপনার পাশাপাশি বিশাল খোলা চত্বর বিদ্যমান যাতে বিভিন্ন প্রজাতির গাছ ও ঘাস রোপন করা হয়েছে ও বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য প্রয়োজনীয় সারফেস ড্রেন রয়েছে যা নির্দিষ্ট সময় পরপর পরিষ্কার পরিচ্ছন্ন করা হচ্ছে। বর্তমানে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পেয়েছে। প্রতিদিন ডেঙ্গু রোগে আক্রান্ত হয়ে লোকজন হাসপাতালে ভর্তি হচ্ছে এবং মারাও যাচ্ছে। সেই কারণে এডিস মশার লার্ভা নিধনে ঢাকা ওয়াসা ও সিটি করপোরেশনের নির্দেশনা রয়েছে। সেই আলোকে প্লান্ট, বিভিন্ন পাম্প হাউজ, মডস জোন ও রাজস্ব জোনের অভ্যন্তরীণ বিভিন্ন স্থাপনার ছাদে জমা পানি ও আশেপাশের আগাছা এবং সারফেস ড্রেন লাইনের বালু, স্লাজ, ময়লা-আবর্জনা ক্লিনিং করা হচ্ছে ও বিভাগীয় জনবল ও ফগার মেশিন দিয়ে মশা মারার ওষুধ ছিটানো হচ্ছে। বিভাগীয় ভাভারে মশা মারার ওষুধ মজুদ না থাকায় কার্যক্রমটি ব্যাহত হচ্ছে। তাই জরুরী ভিত্তিতে মশা মারার ওষুধ ক্রয় করা প্রয়োজন। এছাড়া প্রতিনিয়ত মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, বিদেশী অতিথি, সরকারী উচ্চ পদস্থ কর্মকর্তা, সুশীল সমাজের প্রতিনিধি সহ বিভিন্ন দাতা সংস্থার প্রতিনিধি কর্তৃপক্ষের অনুমতি নিয়ে উক্ত প্লান্ট ভিজিট করে থাকেন। সেই কারণেও প্লান্টের অভ্যন্তরীণ পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্নসহ দৃষ্টি নন্দন রাখা প্রয়োজন। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টা:৪৯,৭৫০.০০ (উনপঞ্চাশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা মাত্র যা অনুমোদন দেয়া যেতে পারে। উক্ত ক্রয় কাজের খরচ মডস জোন-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের পানি ও পয়ঃ শোধনাগার(ও এন্ড এম) খাত হতে বাজেটভুক্ত করা যেতে পারে।

**অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৬/৭/২৩ ৭:৫৩ পূর্বাহ্ন**


চাঁদনীঘাট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট, মডস জোন ও রাজস্ব জোন অফিস কম্পাউন্ড এবং বিভিন্ন পাম্প হাউজের জন্য মশা নিধন ওষুধ ও তৎসংশ্লিষ্ট সেবা ক্রয় কাজটি মেসার্স সৈকত সারোয়ার ট্রেডার্সকে নিয়োজিত করে পিপিআর ২০০৮ এর ৭৬(১)(ট) ধারায় সরাসরি ক্রয় পদ্ধতি(ডিপিএম) এ করা যেতে পারে।

**অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৬/৭/২৩ ৭:৫৩ পূর্বাহ্ন**

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে জরুরী বিবেচনায় চাঁদনীঘাট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট, মডস জোন ও রাজস্ব জোন অফিস কম্পাউন্ড এবং বিভিন্ন পাম্প হাউজের জন্য মশা নিধন ওষুধ ও তৎসংশ্লিষ্ট সেবা ক্রয় কাজে উপস্থাপিত সর্বমোট টা:৪৯,৭৫০.০০ (উনপঞ্চাশ হাজার সাতশত পঞ্চাশ) টাকার কাজের প্রাক্কলনের আর্থিক,

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা


কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিআর ২০০৮ এর ৭৬(১)(ট) ধারায় সরাসরি ক্রয় পদ্ধতি(ডিপিএম)তে মেসার্স সৈকত সারোয়ার ট্রেডার্স এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য আলোচ্য প্রাক্কলনের অনুমোদন প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাভুক্ত।



১৬/৭/২৩ ৮:১১ পূর্বাহ্ন  
সম্মাট মিয়া  
উপ-সহকারী প্রকৌশলী  
মডস জোন-২



১৬/৭/২৩ ১২:৪৩ অপরাহ্ন  
মোঃ ইলিয়াস হোসেন  
সহকারী প্রকৌশলী  
মডস জোন-২




১৭/৭/২৩ ১১:৪৪ পূর্বাহ্ন  
মোঃ ফিরোজ আলম  
নির্বাহী প্রকৌশলী  
মডস জোন-২




১৮/৭/২৩ ১২:৩৯ পূর্বাহ্ন  
শেখ মোহাম্মদ আনোয়ার সাত্তার  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
মডস সার্কেল-১

১৮/৭/২৩ ১২:৩৯ পূর্বাহ্ন  
মোঃ কামরুল হাসান  
প্রধান প্রকৌশলী  
প্রধান প্রকৌশলী (পরিচালন ও  
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২০/৭/২৩ ৪:০৫ অপরাহ্ন  
অনুমোদিত



২০/৭/২৩ ৪:০৬ অপরাহ্ন  
মোঃ কামরুল হাসান  
প্রধান প্রকৌশলী  
প্রধান প্রকৌশলী (পরিচালন ও  
রক্ষণাবেক্ষণ)



২৩/৭/২৩ ১০:০২ পূর্বাহ্ন  
মোঃ ফিরোজ আলম  
নির্বাহী প্রকৌশলী  
মডস জোন-২

২৩/৭/২৩ ১০:০২ পূর্বাহ্ন  
সম্মাট মিয়া  
উপ-সহকারী প্রকৌশলী  
মডস জোন-২

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা